

প্রযুক্তির বিশাল সম্ভাবনা শিক্ষাব্যাপ্তিতে  
কাজে লাগাতে হবে - শিক্ষামন্ত্রী

স্বাক্ষরিত : আইসিটি ছাড়া একটি দিনও চলা সম্ভব নয় এমন অভিমত ব্যক্ত করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আইসিটি এখন অর্থনীতি ও সমাজ উন্নয়নের অপরিহার্য হাতিয়ার। প্রযুক্তির এ বিশাল সম্ভাবনাকে শিক্ষাব্যাপ্তিতে সর্বাঙ্গিকভাবে কাজে লাগাতে হবে। তিনি গতকাল (মঙ্গলবার) ব্যানবেইস মিলনায়তনে ইউনেস্কো বাংলাদেশ অয়েরিয়েড শিক্ষাব্যাপ্তিতে নীতিনির্ধারণ, পরিকল্পনাকর্মী ও ব্যবহারকারীদের জন্য আইসিটির ব্যবহার শীর্ষক চারদিনব্যাপী দক্ষতা উন্নয়ন কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোজাম্মেল হক বলেন সভাপতিত্ব অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সেশনের বর্ধিত অধুনা পেরেজ মাটিনেজ, ইউনেস্কোর বাংলাদেশ প্রতিনিধি ও পরিচালক মিঃ মাফামা মেলেইসিয়া, প্রধানমন্ত্রীর দপ্তরের এড্‌ভাইজার ইনফরমেশন প্রোগ্রামের পলিসি এডভাইজার অনির চৌধুরী, ইউনেস্কো বাংলাদেশের কর্মসূচী বিশেষজ্ঞ মিডাও হেং-চুন, ক্যানবেইসের পরিচালক আহসান আব্দুল্লাহ প্রমুখ বক্তব্য রাখেন। শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয় ঘোষণা করেছেন। এ প্রত্যয় বাস্তবায়নে আইসিটি হবে প্রযুক্তিগত পরিবর্তনের মূল চালিকা শক্তি। সীমিত সম্পদ ও বিশাল জনগোষ্ঠীকে বড় চ্যালেঞ্জ হিসেবে উদ্ভেদ করে তিনি বলেন, জীবনমুখী শিক্ষা, দক্ষতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গী এ চ্যালেঞ্জকে পত্তিবৃত্ত পরিণত করতে পারে।